



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ

www.bb.org.bd

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার নং-০১

তারিখঃ ২৩ ফাল্গুন, ১৪২৫ বঙ্গাব্দ
০৭ মার্চ, ২০১৯ খ্রিষ্টাব্দ

প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

অগ্রিম/বিনিয়োগ-আমানত এর অনুপাত (ADR/IDR) বিষয়ক নির্দেশনা পরিপালন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংকের ২০ ফেব্রুয়ারি ২০১৮ তারিখের ডিওএস সার্কুলার নং-০২ এবং ০৯ এপ্রিল ২০১৮ তারিখের ডিওএস সার্কুলার নং-০৩ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। ২০ ফেব্রুয়ারি ২০১৮ তারিখের ডিওএস সার্কুলার নং-০২ এর ০২ নং ক্রমিকে বর্ণিত অগ্রিম/বিনিয়োগ ও আমানতের অনুপাত (ADR/IDR) নির্দেশিত মাত্রাসীমায় ক্রমান্বয়ে নামিয়ে আনার কার্যক্রম ৩০ সেপ্টেম্বর ২০১৯ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে।

০৩। ADR/IDR এর নির্দেশিত মাত্রা অতিক্রান্ত থাকা ব্যাংকগুলো নির্ধারিত সময়সীমার মধ্যে নির্দেশিত মাত্রায় নামিয়ে আনার সুনির্দিষ্ট কার্যপরিচালনা গ্রহণ করে অত্র বিভাগকে অবহিত করবে এবং এ বিষয়ে অগ্রগতির মাসিক প্রতিবেদন প্রতি মাসান্তের ১০ (দশ) কার্যদিবসের মধ্যে অত্র বিভাগে দাখিল করতে হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ রেজাউল ইসলাম)

মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০০৯৩